আজকের কাগজ

তারিখ 15 MAY 1995

পৃষ্ঠা ৬ কলাম ৩

০৫

# কলাপাড়ায় শিক্ষা কর্মসূচির গম কালোবাজারে

পটুয়াখালীর কলাপাড়া থানার খাপড়াভাঙ্গা ইউনিয়নের পূর্ব ডাবলুগঞ্জ প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র ছাত্রীদের শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচির বরাদ্দকৃত গম বেআইনিভাবে কালোবাজারে বিক্রির অপরাধে স্কুল পরিচালনা পরিষদের সভাপতিকে গ্রেফতার করা হয়েছে। গত ২৫ এপ্রিল খাপড়াভাঙ্গা ইউনিয়নের চেয়ারম্যান বাদী হয়ে কলাপাড়া থানায় মামলা করলে পুলিশ ঘটনা স্থলে গিয়ে কালোবাজারে বিক্রীত ১শ' ৫০ কেজি গমসহ স্কুল পরিচালনা পরিষদের সভাপতি বাছেদ ঘরামীকে আটক করে জেল হাজতে প্রেরণ করে। কলাপড়া থেকে অমল মুখার্জী।